# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭০০

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ নিশ্চয়ই আল্লাহ আদম সন্তানের খাদ্যের পরিণতিকে দুনিয়ার উপমা হিসেবে স্থাপন করেছেন।

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ اللَّهَ جَعَلَ مُتَعَقَّبَ طَعَامِ ابْنِ آدَمَ فِي الدُّنْيَا مَثَلًا لَهَا

---

আরবী

700 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُوسَى بْنُ الْحُسَيْنِ بْنِ بِسْطَامٍ قَالَ: حَدَّثَنَا أَبُو حُذَيْفَةَ قَالَ: حَدَّثنا سُفْيَانُ عَنْ يُونُسَ بْنِ عُبَيْدٍ عَنِ الْحَسَنِ عَنْ عُتَيٍّ عَنْ أُبَيِّ بْنِ كَعْبٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ مَطْعَمَ ابْنِ آدَمَ ضُرِبَ لِلدُّنْيَا مَثَلًا بِمَا خَرَجَ مِنِ ابْنِ آدَمَ وَإِنْ قزَّحه وَمَلَّحَهُ فَانْظُرْ مَا يَصِيرُ إِليه)

الراوي : أُبَيّ بْن كَعْبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 700 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭০০. উবাই বিন কা‘ব রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই আদম সন্তানের খাদ্য দ্বারা দুনিয়ার দৃষ্টান্ত পেশ করা হয়েছে। যা আদম সন্তানের পেট থেকে বের হয়, যদিও আদম সন্তান তাতে মসলা ও লবণ দিয়ে সুস্বাদু করে, তদুপরি তুমি লক্ষ্য করো সেটার কী পরিণতি হয়!”[1]

ফুটনোট

[1] আত তাবারানী: ৫৩১; বাইহাকী, আয যুহদুল কাবীর: ৪১৪; যাওয়াইদুল মুসনাদ: ৫/১৩৬; আবু নু‘আইম, হিলইয়াতুল আওলিয়া: ১/২৫৪; আব্দুল্লাহ বিন মুবারক, আয যুহদ: ৪৯৩।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩৮২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উবাই ইবনু কা‘ব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89202

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন